

Bankim Sardar College

4th Semester Examination

BNG-A-CC-4-8

2 hours

Total marks 90

বিভাগ-ক

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও:- (২ x ৫ = ১০)

- ১। বৈষ্ণব পদসাহিত্যে রস কয়প্রকার ও কি কি?
- ২। "মৈথিলী কোকিল" কাকে বলা হয়? তাঁর পুরো নাম কি?
- ৩। চৈতন্যোত্তর যুগের দুজন পদকর্তার নাম লেখ।
- ৪। মুকুন্দচক্রবর্তীর আদি নিবাস কোথায় ছিল? তাঁর পিতার নাম কি?
- ৫। কার অনুরোধে মুকুন্দ চক্রবর্তী 'অভয়ামঙ্গল' রচনা করেছিলেন? "অভয়ামঙ্গল"-এর রচনাকাল কত?
- ৬। কালকেতুর পিতা ও মাতার নাম কি?
- ৭। রামপ্রসাদ সেনকে কে, কোন কাব্যের জন্য 'কবিরঞ্জন' উপাধি দিয়েছিলেন?
- ৮। কমলাকান্ত ভট্টাচার্যের আদি নিবাস কোথায় ছিল? তিনি কার সভাপণ্ডিত ছিলেন?

বিভাগ-খ

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

(১৫x১=১৫)

- ১) শাক্ত পদাবলীর আগমনী ও বিজয়ার পদগুলির মধ্যে যে পারিবারিক ও সামাজিক চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

অথবা

- ২) মুরারি শীল চরিত্র সৃষ্টিতে মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্বের পরিচয় দাও।

বিভাগ-গ

অ। নীচের সমস্ত প্রশ্নের সঠিক উত্তর দাও:-

(২৫×১=২৫)

১। বৈষ্ণবপদসাহিত্যের আকরগ্রন্থ হল -

ক) "উজ্জ্বলনীলমণি", খ) "গীতগোবিন্দ" , গ) "শ্রীচৈতন্যচরিতামৃত", ঘ) "রসমঞ্জরী"

২। চৈতন্যদেব জন্মগ্রহণ করেছিলেন -

ক) ১৪৬৮ খ্রিস্টাব্দে, খ) ১৫৩৩ খ্রিস্টাব্দে, গ) ১৪৮৬ খ্রিস্টাব্দে, ঘ) ১৪০৭ খ্রিস্টাব্দে

৩। পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা হলেন -

ক) বিদ্যাপতি, খ) বলরাম দাস, গ) জ্ঞানদাস, ঘ) চণ্ডীদাস

৪। "নীরদ নয়নে নীল ঘন সিঞ্জে" পদটির রচয়িতা -

ক) গোবিন্দ দাস, খ) বিদ্যাপতি, গ) জ্ঞানদাস, ঘ) চণ্ডীদাস

৫। বৈষ্ণবপদসাহিত্যের শ্রেষ্ঠ রস হল -

ক) শান্ত, খ) দাস্য, গ) সখ্য, ঘ) মধুর

৬। চণ্ডীদাসের ভাবশিষ্য বলা হয় -

ক) বিদ্যাপতিকে, খ) জ্ঞানদাসকে, গ) বলরাম দাসকে, ঘ) গোবিন্দ দাসকে

৭। "মঞ্জীর চীরহি ঝাঁপি" - "মঞ্জীর" শব্দের অর্থ -

ক) মঞ্জুরী, খ) মন্দির, গ) নূপুর, ঘ) দরজা

৮) মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা হলেন -

ক) আলি রাজা, খ) বিদ্যাপতি, গ) চণ্ডীদাস, ঘ) গোবিন্দ দাস

৯) মুকুন্দ চক্রবর্তীকে "কবিকঙ্কন" উপাধি দিয়েছিলেন -

ক) রঘুনাথরায়, খ) বাঁকুড়া রায়, গ) কৃষ্ণচন্দ্র, ঘ) সোমাই পণ্ডিত

১০) "করিলু উদক পান" - 'উদক' শব্দের অর্থ -

ক) জল, খ) ফল, গ) দানা, ঘ) বীজ

১১) "সোনা রূপা নহে বাসা এ বেঙ্গা পিতল" - উক্তিটির বক্তা --

ক) ভাঁড়ু দত্ত, খ) মুরারি শীল, গ) কালকেতু, ঘ) ফুল্লরা

১২) মুকুন্দ চক্রবর্তী "অভয়ামঙ্গল" রচনা করেছিলেন -

ক) জয়সিংহের রাজত্বকালে, খ) বিক্রম সিংহের রাজত্বকালে, গ) প্রতাপ সিংহের রাজত্বকালে, ঘ) মানসিংহের রাজত্বকালে

১৩) কালকেতু ও ফুল্লরার বিবাহের ঘটক ছিলেন -

ক) রামাই পণ্ডিত, খ) ধামাই পণ্ডিত, গ) সোমাই পণ্ডিত, ঘ) জগন্নাথ পণ্ডিত

১৪) "তুমি খুড়া হৈলে বন্দী" - 'খুড়া' সম্বোধন করা হয়েছে -

ক) কালকেতুকে, খ) মুরারি শীলকে, গ) মুকুন্দ চক্রবর্তীকে, ঘ) ভাঁড়ু দত্তকে

১৫) "চণ্ডী" শব্দটির মূলে রয়েছে -

ক) দ্রাবিড় ভাষা, খ) অষ্টিক ভাষা, গ) ককেশীয় ভাষা, ঘ) ভোট-চীনিয় ভাষা

১৬) বাস্তুচ্যুত মুকুন্দ চক্রবর্তী আশ্রয় নিয়েছিলেন -

ক) মেদিনীপুরে, খ) বর্ধমানে, গ) পুরুলিয়ায়, ঘ) বীরভূমে

১৭) শাক্ত পদাবলীর শ্রেষ্ঠ পদকর্তা হলেন -

ক) দশরথি রায় , খ) গিরিশ চন্দ্র ঘোষ ,গ) রামপ্রসাদ সেন , ঘ) কমলাকান্ত ভট্টাচার্য

১৮) শাক্ত পদাবলীর অপর নাম -

ক) মালসী, খ) মানসী ,গ) মালবশ্রী , ঘ) সাধন সংগীত

১৯) কমলাকান্ত ভট্টাচার্যের কাছ থেকে দীক্ষা নিয়েছিলেন -

ক) তেজশ্চন্দ্র , খ) হরিশ্চন্দ্র,গ) কবিচন্দ্র, ঘ) কৃষ্ণচন্দ্র

২০) "ওরে নবমী নিশি, না হইও রে অবসান"-পদটির রচয়িতা -

ক) রামপ্রসাদ সেন , খ) গোবিন্দ চৌধুরী ,গ) কমলাকান্ত ভট্টাচার্য , ঘ) দশরথি রায়

২১) "যবে তারা তারা বলে, তারা বেয়ে পড়বে ধারা"-এর অলঙ্কার হল -

ক) অনুপ্রাস , খ) রূপক,গ) উপমা , ঘ) যমক

২২) আগমনী বিজয়া পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা হলেন -

ক) রামপ্রসাদ সেন , খ) কালিদাস চট্টোপাধ্যায় ,গ) কমলাকান্ত ভট্টাচার্য , ঘ) মদন মাস্টার

২৩) "মুকুরে হেরিয়া মুখ" - "মুকুর" শব্দের অর্থ -

ক) আয়না , খ) মুকুট ,গ) পর্দা, ঘ) স্বচ্ছ জল

২৪) "মা গো তারা ও শঙ্করি"- পদটির পর্যায় হল -

ক) বাল্যলীলা , খ) আগমনী ,গ) বিজয়া , ঘ) ভক্তের আকৃতি

২৫) "এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না"- উক্তিটির বক্তা হলেন -

ক) হিমালয় , খ) শিব ,গ) রামপ্রসাদ , ঘ) মেনকা

আ। যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও:- (১০ x ৪ = ৪০)

১. পূর্বরাগ কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? এই পর্যায়ের পাঠ্য পদ অবলম্বনে তাঁর কবি কৃতিত্বের পরিচয় দাও। ২+১+৭=১০

২. অভিসার কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? এই পর্যায়ের পাঠ্য পদগুলির কাব্য সৌন্দর্য বিচার করো। ২+১+৭ = ১০

৩. মাথুর কাকে বলে? তোমার পাঠ্য পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার বৈশিষ্ট্য

আলোচনা করো। ২+৮=১০

৪. " ভাঁড়ু দত্ত মধ্যযুগের বাঙলা সাহিত্যে তার আচরণগত বৈশিষ্ট্যের জন্যে একটি উজ্জ্বল মানব চরিত্র"-- আলোচনা করো। ১০

৫. শুধু মধ্যযুগের নয়, সমগ্র বাংলা সাহিত্যে ফুল্লরা এক অনন্য সাধারণ নারী চরিত্র

-

আলোচনা করো।

১০

৬. 'ভক্তের আকৃতি' পর্যায়ের শাক্ত কবি হিসাবে রামপ্রসাদ সেনের কৃতিত্বের পরিচয় দাও।

১০

৭. শাক্ত পদ রচনায় কমলাকান্ত ভট্টাচার্যের যে বিশিষ্টতা রয়েছে উদাহরণসহ সে বিষয়ে

আলোচনা করো। ১০